# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৫৪৭১/পটুয়াখালী-৪২/২২৮

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩২ / ২০ জুলাই ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন মরিচবুনিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসার অনুমোদিত এডহক কমিটির সভাপতি জাল সনদ ও ভুয়া তথ্যের মাধ্যমে সভাপতি হয়েছেন মর্মে জনাব মোঃ সুমন অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২০-৭-২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০২৫৪৭১/পটুয়াখালী-৪২/

তারিখ: ০৫ শ্রাবণ ১৪৩২ / ২০ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, পটুয়াখালী;
৪. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মরিচবুনিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-মরিচ বুনিয়া, সদর, পটুয়াখালী;
৫. সভাপতি, মরিচবুনিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-মরিচ বুনিয়া, সদর, পটুয়াখালী;
৬. মোঃ সুমন (অভিযোগকারী), গ্রাম: মরিচবুনিয়া, ডাকঘর-মরিচবুনিয়া, উপজেলা: পটুয়াখালী সদর, জেলা: পটুয়াখালী;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

২০.০৭.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অফিসার\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc

বরাবর,

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বিষয়ঃ পটুয়াখালী সদর উপজেলাধীন মরিচবুনিয়া ছালেহিয়া দাখিল মাদ্‌রাসা (EIIN:102547)এডহক কমিটি সভাপতি পদে এস,এম, কামাল হায়দার সিরাজী সার্টিফিকেট জাল-জালিয়াতী করে মনোনয়নের জন্য ভুয়া তথ্য প্রেরণ প্রসঙ্গে।

জনাব

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী পটুয়াখালী সদর উপজেলাধীন মরিচবুনিয়া ছালেহিয়া দাখিল মাদ্‌রাসা একজন ছাত্র অভিভাবক। উক্ত প্রতিষ্ঠানটি সুন্দর ও সুষ্ঠ ভাবে পরিচালনার জন্য বাংলাদেশ মাদ্রসা শিক্ষা বোর্ড ১৪/০১/২০২৫ খ্রি. তারিখ এডহক কমিটি গঠন করার অনুমতি প্রদান করছেন। কিন্তু প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এডহক কমিটির প্রস্তবিত সভাপতি মনোনয়নের জন্য আপনার বরাবরে প্রেরিত তালিকায় ০৩ (তিন) জনের নাম প্রস্তাব করা হয়েছে। তার মধ্যে ১নং ক্রমিকের এস,এম, কামাল হায়দার সিরাজী,পিতা: আ: লতিফ মৃধা,মাতা:মনোয়ারা বেগম, গ্রাম-মরিচবুনিয়া,ডাকঘর-মরিচবুনিয়া,উপজেলা:পটুয়াখালী সদর,জেলা: পটুয়াখালী। তার শিক্ষাগত সার্টিফিকেট জাল-জালিয়াতি করে এডহক কমিটি সভাপতি মনোনয়নের জন্য তথ্য প্রদান করেছেন। সরকারী বিধি মোতাবেক এডহক কমিটির সভাপতি পদের জন্য শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন তা উল্লেখিত এস,এম, কামাল হায়দার সিরাজী সার্টিফিকেট জাল-জালিয়াতী করে প্রেরণ করেছেন। এমতাবস্থায় ১ নং ক্রমিকের এস,এম, কামাল হায়দার সিরাজ কে এডহক কমিটির সভাপতি পদে মনোনয়ন না দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করছি। এখানে উল্লেখ্য যে, তার আপন ছোট ভাই মোঃ রুবেল মৃধা, ফ্যাসীবাদী সরকারের সরকার প্রধান শেখ হাসিনার সাথে একই মামলার আসামী ক্রমিক নং-৩২, যাহার মামলা নম্বর-জি .আর-৩৯০/২৪ মিরপুর মডেল থানা, ঢাকা।

অতএব জনাবের নিকট বিনীত নিবেদন এই যে উপরোক্ত বিষয়টি সদয় বিবেচনায় নিয়ে প্রতিষ্টানটি সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার জন্য ফ্যাসিবাদী সরকারের ফ্যামিলিগত দোসরদের বাদ দিয়ে এডহক কমিটির সভাপতি মনোনয়নের প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

মোঃ সুমন

(মোঃ সুমন)

অভিভাবক

মরিচবুনিয়া ছালেহিয়া দাখিল মাদ্‌রাসা

মরিচবুনিয়া, পটুয়াখালী।

মোবাইল ঃ ০১৭১৮৩৫৪৩৯৯